



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং কুয়েট আবাসিক এলাকায় বসবাসরত সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ১৩/০৭/২০২১ইং তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ নং পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে আগামী ২৩ জুলাই ২০২১ইং তারিখ সকাল ৬:০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ইং তারিখ দিবাগত রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নরূপ নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১. সরকার কর্তৃক জারীকৃত সকল স্বাস্থ্যবিধি ও নির্দেশনা অবশ্যই মেনে চলতে হবে।
২. অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/দপ্তর/শাখা বন্ধ থাকবে। দাপ্তরিক জরুরী কাজসমূহ অনলাইনে সম্পন্ন করা যাবে। তবে বিশ্ববিদ্যালয়ের জরুরী সেবা প্রদানকারী দপ্তর/শাখাসমূহ যেমন: নিরাপত্তা শাখা, প্রকৌশল শাখা (ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, জরুরী প্লাম্বিং ও রিপায়ারিং এবং জরুরী বৈদ্যুতিক মেরামত) এবং মেডিকেল সেন্টার যথাযথ স্বাস্থ্যবিধি মেনে যথাযথিত তাদের কার্যক্রম চালু রাখবে। শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ (Station Leave) করতে পারবেন না।
৩. অত্র বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-খুপ্রবি/৩১২৪/৫০ তাং-২৮/০৬/২০২১ইং মোতাবেক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে।
৪. নিজ বাসস্থানের বাইরে ও কুয়েট ক্যাম্পাসের যে কোন স্থানে সর্বাবস্থায় অবশ্যই মাস্ক পরিধান করা ও ন্যূনতম ৩ ফুট পারস্পরিক শারীরিক দূরত্ব বজায় রাখা। বিশেষ ক্ষেত্রে হ্যান্ড গ্লোভস, ফেস শিল্ড, পিপিই ইত্যাদি পরিধান করা।
৫. বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার যানবাহন বন্ধ থাকবে। তবে জরুরি সেবাদানের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।
৬. অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনভাবেই বাড়ির/বাসার বাইরে বের হওয়া যাবে না। তবে কোভিড-১৯ টিকাদান কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে।
৭. কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে ক্রয় করা যাবে।
৮. কুয়েট ক্যাম্পাসে আগমন/প্রস্থানের জন্য শুধুমাত্র মেইন গেট ব্যবহার করা যাবে।
৯. গৃহকর্মী ব্যতীত ক্যাম্পাসে বহিরাগতদের আসা-যাওয়া বন্ধ থাকবে। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
১০. ক্যাম্পাসের যে কোন স্থানে সভা, সমাবেশ, গণজমায়েত, অনুষ্ঠান, খেলাধুলা, যে কোন প্রকার আড্ডা, পিকনিক ইত্যাদি বন্ধ থাকবে।
১১. মসজিদ কমিটি ও মনিটরিং কমিটি কেন্দ্রীয় মসজিদে গমনকারী সকল মুসল্লিদের ধর্ম মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল নির্দেশনা অনুসরণ নিশ্চিত করবেন।
১২. যদি কারো করোনা উপসর্গসমূহ (জ্বর/কাশি/গলাব্যথা/শ্বাসকষ্ট ইত্যাদি)-এর যে কোন একটি প্রকাশ পায় তাহলে অতি দ্রুত ডাক্তারের পরামর্শ নিতে হবে, নিজেকে আইসোলেশনে/কোয়ারেন্টাইনে রাখতে হবে ও বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের যে কোন ডাক্তার, মনিটরিং কমিটির যে কোন সদস্য এবং নিজ বিভাগ/দপ্তর/শাখা প্রধানকে অবশ্যই অবহিত করতে হবে।
১৩. কুয়েট আবাসিক এলাকায় করোনা পজিটিভ রোগী সনাক্ত হলে রোগীর বাসস্থান লকডাউন করা হবে এবং উক্ত রোগীর সংস্পর্শে যারা এসেছেন তাদেরকে কোয়ারেন্টাইনে থাকতে হবে।
১৪. করোনাভাইরাস প্রতিরোধে ভিটামিন 'সি', জিংক ও ম্যাগনেসিয়াম সমৃদ্ধ খাবার পর্যাণ্ড পরিমানে খেতে হবে। প্রচুর পরিমানে পানি পান করা। প্রক্রিয়াজাত পানীয়, চর্বিযুক্ত খাবার, ফাস্ট ফুড ইত্যাদি পরিহার করা। পর্যাণ্ড বিশ্রাম নেয়া, নিয়মিত ব্যায়াম করা ও সম্ভব হলে দৈনিক ৩০ মিনিট রোদে থাকা।
১৫. এই নির্দেশনাসমূহ অমান্যকারীদের বিধি অনুযায়ী জবাবদিহিতার আওতায় আনা হবে।
১৬. স্বাস্থ্যবিধি সংক্রান্ত যে কোন অভিযোগ/পরামর্শ নিরাপত্তা শাখায় অবহিত করতে হবে (জনাব সাদেক হোসেন প্রামানিক, নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা। মোবাইল-০১৯৫১৪৮৪২৫৫/০১৫২১২৪৮৩৮৪, পিএবিএক্স-১২৭, ই-মেইল-hossainsadeque@kuet.ac.bd)।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

Ar Rahman

২৫/০৭/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৫২/১০০

তারিখঃ ২৫/০৭/২০২১ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, হল প্রভোস্ট, দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ৬। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংরক্ষণ নথি।

Hasan

(রাগীব হোসেন)

সেকশন অফিসার (গ্রেড-২)